

গোলটেবিল বৈঠকে ডেপুটি স্পিকার কর্মমুখী শিক্ষাকে বিশেষ গুরুত্ব দিতে হবে

নিজস্ব প্রতিবেদক >

দেশের অর্থনীতির চাকাতে গতিশীল করতে যুব সমাজের ভূমিকা গুরুত্বপূর্ণ। তাই যুব সমাজকে কর্মমুখী শিক্ষায় শিক্ষিত ও দক্ষ করে গড়ে তুলতে হবে। সাধারণ শিক্ষার পাশাপাশি কর্মমুখী শিক্ষাকে বিশেষ গুরুত্ব দিতে হবে। এ ক্ষেত্রে সরকারি ও বেসরকারি পর্যায়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।

গতকাল শনিবার দুপুরে রাজধানীর ফার্মগেটে ডেইলি স্টার কনফারেন্স সেন্টারে এক গোলটেবিল বৈঠকে প্রধান অতিথির বক্তব্যে ডেপুটি স্পিকার মো. ফজলে রাব্বী মিয়া এসব কথা বলেন। ইউএনএফপিএ ও ডেইলি স্টার আয়োজিত এ বৈঠকে আরো বক্তব্য দেন বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নুরুন্নবী পরিবার পরিচালনা অধিদপ্তরের পরিচালক মো. নূর হোসেন তালুকদার, আইএলও প্রতিনিধি হরিপদ দাস, ইউনিসেফ প্রতিনিধি অ্যানি ডেলনিউভেল, প্ল্যান বাংলাদেশ প্রতিনিধি সৌম্য গুহ, কার্ভিফ ইন্টারন্যাশনাল স্কুলের অধ্যক্ষ জি এম নিজাম উদ্দিন, শিক্ষা মন্ত্রণালয়ের ড. জাহাঙ্গীর হোসেন প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে ডেপুটি স্পিকার আরো বলেন, যুব সমাজকে শুধু চাকরি নির্ভর না হয়ে সরকার কর্তৃক প্রদত্ত সুযোগ-সুবিধাকে কাজে লাগিয়ে আত্মকর্মসংস্থানে উদ্যোগী হতে হবে। যথাযথ উদ্যোগ নিলে কর্মমুখী শিক্ষা বেকার যুবকদের সম্পদে পরিণত করবে বলে তিনি আশা প্রকাশ করেন।

ফজলে রাব্বী মিয়া বলেন, তথ্যপ্রযুক্তিনির্ভর এ যুগে যুবকরা প্রবীণদের তুলনায় অনেক বেশি প্রগতিশীল চিন্তা-চেতনার অধিকারী। তাই নীতিনির্ধারণী পর্যায়ে তাদের সম্পৃক্ততা বাড়াতে হবে। সরকার ইতিমধ্যে এ বিষয়ে ইতিবাচক পদক্ষেপ নিয়েছে বলে তিনি উল্লেখ করেন।